

🖪 মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯:১৯

💵 আরবি মূল আয়াত:

قَالَ إِنَّمَا أَنَا رَسُولُ رَبِّكِ * لِأَهَبَ لَكِ غُلُمًا زَكِيًّا ﴿١٩﴾

সে বলল, 'আমি তো কেবল তোমার রবের বার্তাবাহক, তোমাকে একজন পবিত্র পুত্রসন্তান দান করার জন্য এসেছি'। — আল-বায়ান

সে বলল, 'আমি তোমার প্রতিপালক কর্তৃক প্রেরিত হয়েছি তোমাকে একটি পুত-পবিত্র পুত্র দানের উদ্দেশ্যে।' — তাইসিকল

সে বললঃ আমিতো শুধু তোমার রাব্ব হতে প্রেরিত, তোমাকে এক পবিত্র পুত্র দান করার (সুসংবাদ জানানোর) জন্য। — মুজিবুর রহমান

He said, "I am only the messenger of your Lord to give you [news of] a pure boy." — Sahih International

- ১৯. সে বলল, আমি তো তোমার রব-এর দূত, তোমাকে এক পবিত্র পুত্র দান করার জন্য।(১)
 - (১) সে দূত হলেন, জিবরীল আলাইহিস সালাম। আল্লাহ্ তাঁর দূত জিবরীলকে পবিত্র ফুঁ নিয়ে পাঠালেন। যে ফুঁর মাধ্যমে মারইয়ামের গর্ভে এমন সন্তানের জন্ম হলো যিনি অত্যন্ত পবিত্র ও কল্যাণময় বিবেচিত হলেন। মহান আল্লাহ তার সম্পর্কে বলেনঃ "স্মরণ করুন, যখন ফিরিশতাগণ বলল, হে মারইয়াম! নিশ্চয় আল্লাহ তোমাকে তাঁর পক্ষ থেকে একটি কালেমার সুসংবাদ দিতেছেন। তার নাম মসীহ মারইয়াম তনয় 'ঈসা, সে দুনিয়া ও আখিরাতে সম্মানিত এবং সান্নিধ্যপ্রাপ্তগণের অন্যতম হবে। সে দোলনায় থাকা অবস্থায় ও পরিণত বয়সে মানুষের সাথে কথা বলবে এবং সে হবে পুণ্যবানদের একজন।" [সূরা আলে-ইমরান: ৪৫–৪৬]

তাফসীরে জাকারিয়া

(১৯) সে বলল, 'আমি তো তোমার প্রতিপালক-প্রেরিত (দূত) মাত্র; তোমাকে এক পবিত্র পুত্র দান করবার জন্য (আমি প্রেরিত হয়েছি)।'

তাফসীরে আহসানুল বায়ান



 ф hadithbd.com
 কুরআন
 মারইয়াম | Maryam | مَرْيُم |

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2269

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন